অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রধান আপস্টেট ট্রান্সমিশন লাইন অনুমোদনের ঘোষণা করলেন

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং জাতীয় গ্রিডের স্মার্ট পাথ কানেক্ট প্রকল্প পরিচ্ছন্ন শক্তির সরবরাহ বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্কের জলবায়ু কর্মকাণ্ডের লক্ষ্য অগ্রসর করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) নর্থ কান্ট্রির একটি অতি গুরুত্বপূর্ণ 100-মাইল লম্বা ট্রান্সমিশন লাইন পুনর্গঠন করার অনুমোদন দিয়েছে, জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার অ্যাক্টের (Climate Leadership and Community Protection Act) আবশ্যকতা মেটাতে যা প্রয়োজন। স্মার্ট পাথ কানেক্ট (Smart Path Connect) হিসেবে নিউ ইয়র্কের ট্রান্সমিশন ব্যবস্থার মেরুদণ্ডের হালনাগাদকরণের প্রতিনিধি যা পুরো স্টেটের নির্ভরযোগ্যতা উন্নত করবে। এটি পূর্বে অনুমোদিত স্মার্ট পাথ ও AC ট্রান্সমিশন প্রকল্পসমূহের সম্পূরক হবে এবং এটি বর্তমানে নবায়নযোগ্য উৎপাদনকে যেই জ্যাম ও সংকোচন প্রভাবিত করছে তা হ্রাস করবে এবং গ্রাহকদের বিদ্যুৎ পৌঁছে দেওয়ার খরচ হ্রাস করবে। স্মার্ট পাথ কানেক্ট প্রকল্পটি বিদ্যমান সংকোচন অপসারণ করবে এবং 447 মিলিয়ন মার্কিন ডলারের বেশি জ্যামের খরচ সাশ্রয় করবে।

"নিউ ইয়র্ক পুরো স্টেটের বিদ্যুৎ সম্প্রদায়সমূহকে যুক্ত করতে স্মার্ট পাথ কানেক্টের মতো প্রকল্প নিয়ে পরিচ্ছন্ন শক্তির বিপ্লবে নেতৃত্ব দিতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "যখন আমরা আমাদের জলবায়ু লক্ষ্য অগ্রসর করতে এবং ভবিষ্যতের কর্মসংস্থান সৃষ্টি করতে কাজ করছি, তখন সকল নিউ ইয়র্কবাসীকে পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করতে নিউ ইয়র্ক স্টেটের ট্রান্সমিশন ব্যবস্থা গঠন করতে আমাদের প্রচেষ্টার অতি গুরুত্বপূর্ণ উপাদান এই প্রকল্পগুলি।"

নর্থ কান্ট্রি ট্রান্সমিশন লাইনটির মালিকানা ও পরিচালনায় আছে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) এবং জাতীয় গ্রিড (National Grid)। প্রকল্পটিতে থাকবে প্রায় 100 মাইল বিদ্যমান 230 কিলোভোল্ট (kilovolt, kV) ট্রান্সমিশন লাইনকে 230kV বা 345kV হিসেবে পুনর্গঠন করা যার সাথে থাকবে সংশ্লিষ্ট সাবস্টেশন নির্মাণ এবং ক্লিন্টন, ফ্র্যাঙ্কলিন, সেইন্ট লরেন্স, লুইস, এবং ওনিডাতে বিদ্যমান রাইট-অফ-এ সংলগ্ন হালনাগাদকরণ।

প্রকল্পটিতে থাকবে নিচের লাইনসমূহের সম্পূর্ণ বা আংশিক পুনর্গঠন: NYPA-র মোসেস উইলিস 1 এবং 2 লাইন, NYPA-র উইলিস-প্যাটনোড এবং উইলিস-রায়ান লাইন; এবং জাতীয় গ্রিডের অ্যাডিরন্ড্যাক থেকে পোর্টার লাইন, বিদ্যমান 230 kV রেক্টর রোড থেকে চেসেজ লেক লাইন 10 এর সম্প্রসারণ, এবং একই সাথে NYPA-র স্মার্ট পাথকে (মোসেস-অ্যাডিরন্ড্যাক 1 এবং 2 বা MA 1 এবং 2 নামেও পরিচিত) রাইট-অফ-ওয়ে। নর্দার্ন নিউ ইয়র্কে নবায়নযোগ্য শক্তি বিকাশের সম্ভাবনা বাস্তবায়ন করার জন্য এই প্রকল্পটি প্রয়োজন।

PSC-র প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "একবার স্মার্ট পাথ কানেক্ট প্রকল্প এবং এধরনের অন্যান্য প্রকল্প সক্রিয় হয়ে গেলে, এগুলি একটি অব্যাহত 345 kV ট্রান্সমিশন ব্যবস্থা প্রদান করবে যা নর্দার্ন থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে নবায়নযোগ্য উৎপাদনের সরবরাহযোগ্যতা উল্লেখযোগ্যভাবে উন্নত করবে। এর অংশ হিসেবে, স্মার্ট পাথ সংকোচন হ্রাস করার মাধ্যমে অর্থনৈতিক লাভ প্রদান করবে। এটি নির্ভরযোগ্যতা বৃদ্ধি করবে, বৈদ্যুতিক ব্যবস্থার অর্থনীতি ও নির্ভরযোগ্যতার স্বার্থে কাজ করবে, এবং জলবায়ু অ্যাক্টের অধীনে স্টেটের দায় পূরণ করার জন্য আবশ্যক নবায়নযোগ্য সংস্থানের জন্য বর্ধিত ট্রান্সমিশন সক্ষমতা প্রদান করবে।"

স্টেটের সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেন, "আমাদের জন্য আমাদের শক্তি অবকাঠামোতে বিনিয়োগ করতে থাকা এবং এর আধুনিকায়ন করতে থাকা অত্যাবশ্যকীয় যাতে করে নাগরিকদের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ প্রদান নিশ্চিত করা যায়। বিদ্যমান রাইট-অফ-ওয়েজ ব্যবহার করা সম্প্রদায়ের মধ্যে দিয়ে ট্রান্সমিশন লাইনের প্রস্তাব করা বা স্থাপন করার থেকে ভালো বিকল্প।"

স্টেটের সিনেটর প্যাটি রিচি বলেন, "বিদ্যুৎ অস্থিতিশীলতার সম্মুখীন না হওয়া পর্যন্ত আপনি দৈনন্দিন জীবনে বিদ্যুতের গুরুত্ব বুঝতে পারবেন না। নর্থ কান্ট্রি জুড়ে 100 মাইল নতুন ট্রান্সমিশন লাইনে বিনিয়োগ করা আমাদের সেইসব বাসিন্দাদের জন্য পরিবর্তন নিয়ে আসবে যাদের পরিবার ও ব্যবসা, আমাদের প্রায় সকলের মতোই প্রতিটি দিন সাশ্রয়ী বিদ্যুতের উপর নির্ভর করে।"

অ্যাসেম্বলি সদস্য রবার্ট স্মুলেন বলেন, "যখন মুদ্রাস্ফীতি আমাদের স্টেট ও জাতিকে চাপগ্রস্ত করে যাচ্ছে, তখন আমাদের পরিবারসমূহের কাছে যাতে নির্ভরযোগ্য ও ক্রয়ক্ষমতার মধ্যে তাদের বাসা ও ব্যবসার জন্য বিদ্যুৎ পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কের ট্রান্সমিশন লাইনসমূহ আমাদের শক্তি খাতের মেরুদণ্ডগুলির একটি এবং আমি খুশি যে মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রি পরিবারগুলির লাভের জন্য আমাদের শক্তি ট্রান্সমিশন ব্যবস্থায় উল্লেখ্যোগ্য বিনিয়োগ করা হচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের বিদ্যমান ট্রান্সমিশন এবং বিতরণ ব্যবস্থায় উল্লেখযোগ্য উন্নয়ন ও সংযোজন করছে যাতে স্টেটের শক্তি সরবরাহে নতুন বড় মাপের নবায়নযোগ্য শক্তি প্রকল্প অন্তর্ভুক্ত করা যায়। আজকে অনুমোদিত প্রকল্পগুলি স্টেটের জন্য সামগ্রিকভাবে উল্লেখযোগ্য জলবায়ু অ্যাক্ট সুবিধা অর্জনের জন্য একটি জরুরি সুযোগ প্রদান করবে।

স্মার্ট পাথ কানেক্ট প্রকল্প অনুমোদনের পাশাপাশি, PSC পৃথক কিন্তু সংশ্লিষ্ট কার্যক্রমের মাধ্যমে নিচের সিদ্ধান্তগুলি গ্রহণ করেছে:

- **ক্যানিস্টিও উইন্ড ট্রান্সমিশন:** ক্যানিস্টিও, জ্যাসপার টাউনে এবং স্টুবেন কাউন্টির হর্নেলসভিল একটি 14.6 মাইল লম্বা ট্রান্সমিশন লাইনের নির্মাণ অনুমোদিত করেছে, যা 290.7 মেগাওয়াট (megawatt, MW) ক্যানিস্টিও উইন্ড ফার্মকে বৈদ্যুতিক গ্রিডে সংযুক্ত করবে। ক্যানিস্টিও হলো নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ উইন্ড ফার্ম। ট্রান্সমিশন প্রকল্পটি প্রয়োজন ক্যানিস্টিও উইন্ড ফার্মকে স্টেটের বৈদ্যুতিক গ্রিডের সাথে সংযুক্ত করার জন্য এবং এর ফলে জলবায়ু অ্যাক্টে নির্ধারিত গ্রিনহাউজ হ্যাস নিঃসরণ হ্রাস উদ্দেশ্যসমূহকে অগ্রসর করার জন্য বৈদ্যুতিক ব্যবস্থায় নবায়নযোগ্য শক্তি সরবরাহ করার জন্য।

- **সেন্ট্রাল হাডসন:** সেন্ট্রাল হাডসন গ্যাস ও ইলেকট্রিক কর্পোরেশনের (Central Hudson Gas and Electric Corporation) ট্রান্সমিশন লাইনের নির্মাণ অনুমোদিত করেছে যা H&SB প্রকল্প নামে পরিচিত, যার জন্য কিংস্টন সিটির, এবং আলস্টার টাউনসমূহের এবং আলস্টার কাউন্টির সোগারটিজ, এবং গ্রিন কাউন্টির ক্যাটস্কিল টাউন ও ক্যাটস্কিল গ্রামের 23.6 মাইল ট্রান্সমিশন লাইন পুনর্গঠন প্রয়োজন। এই পুনর্গঠন স্থানীয় সম্প্রদায়সমূহের শক্তি চাহিদা পূরণে, বয়িষ্ণু অবকাঠামো ঠিক করতে এবং বিদ্যুৎ সেবার নির্ভরযোগ্যতা উন্নত করতে সাহায্য করবে।

- **সাউন্ড ক্যাবল:** NYPA-র সাউন্ড ক্যাবল (Sound Cable) ট্রান্সমিশনের পরিকল্পনা সংশোধন করার জন্য তাদের অনুরোধ অনুমোদিত করেছে, এটি একটি বিদ্যমান 26 মাইল সাবমেরিন ট্রান্সমিশন ক্যাবল যা নিউ ইয়র্কের কনসোলিডেটেড এডিসন কোম্পানি ইনকর্পোরেশনের (Consolidated Edison Company of New York, Inc.) 345 kV স্প্রেইন ব্রুক (Sprain Brook) সাবস্টেশনকে সংযুক্ত করে লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের ইস্ট গার্ডেন সিটি (Long Island Power Authority East Garden City) সাবস্টেশনের সাথে, যা নাসাউ কাউন্টিতে অবস্থিত।এই অনুমোদনটি সাউন্ড ক্যাবল প্রকল্পের নির্ভরযোগ্যতা উন্নত করবে। এছাড়াও, NYPA নাসাউ কাউন্টিতে আটটি নতুন মাটির নিচের ইউটিলিটি ভল্ট স্থাপন করবে এবং নাসাউ ও ওয়েস্টচেস্টার কাউন্টিতে সাউন্ড ক্যাবল প্রকল্পের ভূমির উপরের অংশগুলির ফাইবার অপটিক যোগাযোগ প্রতিস্থাপিত করবে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে

উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418